12

দৈনিক সংবাদ

তারিখ 30 NOV 1994

পৃষ্ঠা ৬ কলাম ৭

মুক্ত বিতর্কে অধ্যাপক সায়ীদ

# বর্তমান শিক্ষা পদ্ধতিতে পাস করা সহজ হয়ে গেছে

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

"ত্রুটিপূর্ণ শিক্ষা পদ্ধতি এবং ইমি-গ্র্যান্টমনস্ক তরুণ সমাজ" শীর্ষক মুক্ত বিতর্কে অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ বলেন, বর্তমান শিক্ষা পদ্ধতিতে পাস করা খুব সহজ হয়ে গেছে। পরিশ্রম করে পড়াশোনা করাটা এখন হাস্যকর। তিনি বলেন, এখন যে শিক্ষক যত ভাল সাজেশন দিতে পারেন তিনি তত জনপ্রিয়।

অধ্যাপক সায়ীদ বলেন, প্রত্যেক গৃহ শিক্ষকের বাড়ি এক একটা দোকান। কোন কোনটা আবার সুপার মার্কেটের মত। সেখানে অনেক ধরনের লেনদেন চলে।

গতকাল মঙ্গলবার বিকেলে তিনি হাউস অফ ডিবেটরস আয়োজিত মুক্ত বিতর্কে মুখ্য বিতার্কিক হিসেবে একথাগুলো বলেন। অনুষ্ঠানে মডারেটরের দায়িত্ব পালন করেন হাউস অফ ডিবেটরস-এর সভাপতি মাসকাওয়াথ আহসান। অনুষ্ঠান উপস্থাপনা করেন শেখ হাফিজুর রহমান। মুক্ত বিতর্কে এডভোকেটের দায়িত্ব পালন করেন হারুন-উর-রশীদ স্বপন ও সুদীপ্ত সরকার। দর্শকগণ মুক্ত বিতার্কিক হিসেবে সরাসরি বিতর্কে অংশগ্রহণ করেন।

বিপুলসংখ্যক দর্শকের উপস্থিতিতে অনুষ্ঠিত এ মুক্ত বিতর্কে অধ্যাপক আব-দুল্লাহ আবু সায়ীদ বলেন, আমাদের শিক্ষা পদ্ধতি জ্ঞানবিরোধী। কেননা, কি কি পড়লে পাস করা যাবে সেটাই পড়ালেখা করার পেছনে আসল বিবেচনা হিসেবে কাজ করে।

তিনি বলেন, স্কুল এবং কলেজগুলোতে বিদ্যার কোন জায়গা নেই। ওখানে ভর্তি না হলে পরীক্ষা দিয়ে ওপরের ক্লাসে ওঠা যায় না। তাই ছাত্রছাত্রীরা ওখানে ভর্তি হয়। তিনি বলেন, স্কুল-কলেজগুলো এখন অফিস হয়ে গেছে।

তিনি বলেন, এদেশের সবচেয়ে সুবি-ধাভোগী অংশ যারা এদেশের দরিদ্র মানুষের সম্পদ লুট করে শিক্ষিত হচ্ছে তারাই বিশ্বনাগরিক হবার কথা বলে ইমিগ্র্যান্ট হতে চায়। তিনি বলেন, যতদিন না পর্যন্ত যুক্তরাষ্ট্র, ইংল্যান্ড,জাপানের স্বার্থ এবং আমাদের স্বার্থ এক না হবে ততদিন পর্যন্ত গ্লোবাল ভিলেজ বা বিশ্বনাগরিকের কথা বলা হঠকারিতা।